ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০২২ ● কলকাতা ● ০৮ মাঘ, ১৪৩১ ● বুধবার ● ২২ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা



৫ মিনিটের দেরি, উত্তম কুমারকে সিনেমা থেকে বাদ দেন পরিচালক

পৃঃ 7



ফর্মে ফিরতে রঞ্জি ট্রফিতে রোহিত শর্মা

পৃঃ 8

# সর্বসাধারণের জন্য অমৃত উদ্যান খুলে যাবে ২ ফেব্রুয়ারি থেকে



**নতুন দিল্লি, ২১ জানুয়ারী, ২০২৫**

সর্বসাধারণের জন্য রাষ্ট্রপতি ভবনের অমৃত উদ্যান ২ ফেব্রুয়ারি থেকে ৩০ মার্চ ২০২৫ পর্যন্ত খোলা থাকবে। সপ্তাহে ৬ দিন এই উদ্যান ঘুরে দেখা যাবে সকাল ১০ টা থেকে সন্ধে ৬ টা পর্যন্ত। রক্ষণাবেক্ষণের জন্য সোমবার অমৃত উদ্যান বন্ধ থাকবে। এছাড়াও দিল্লি বিধানসভা নির্বাচনে ভোটগ্রহণের দিন ৫ ফেব্রুয়ারি, রাষ্ট্রপতি

এরপর ৩ পৃষ্ঠায়


# মাফিয়াদের ঠাঁই নেই'! মালদহে খুন হওয়া তৃণমূল নেতা দুলালের স্ত্রীকে পাশে বসিয়ে বার্তা মুখ্যমন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মাফিয়াদের কোনও জায়গা নেই। মঙ্গলবার মালদহে প্রশাসনিক সভা থেকে আবার মনে করিয়ে দিতে চাইলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বক্তব্যের শুরুতেই তিনি নিহত তৃণমূল কাউন্সিলর দুলাল সরকারের প্রসঙ্গ তোলেন। এ দিন মঞ্চে উপস্থিত ছিলেন কাউন্সিলর দুলালের স্ত্রী চৈতালি সরকার। মুখ্যমন্ত্রী বলেন, ''আমি চৈতালিকে বলব ও বাবলার (দুলাল সরকার) অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করবে।মুখ্যমন্ত্রীর বক্তব্যে আবাস যোজনার প্রসঙ্গও উঠে এসেছে। তাঁর আবার অভিযোগ, কেন্দ্র টাকা দিচ্ছে না। কিন্তু তার জন্য কাজ থমকে থাকেনি বলেও দাবি করেছেন তিনি। কেন্দ্র ১ লক্ষ ৬৫ হাজার কোটি টাকা দেয়নি বলে অভিযোগ মুখ্যমন্ত্রীর। খাদ্যসাথী, স্বাথ্যসাথী, কন্যাশ্রী, লক্ষ্মীর ভাণ্ডার, কৃষকবন্ধু, সুস্বাস্থ্য কেন্দ্র, হাসপাতাল, শিক্ষাশ্রী, যুবশ্রী, মেধাশ্রী, স্টুডেন্ট স্মার্ট কার্ড, পরিযায়ী শ্রমিক, বিড়ি শ্রমিকদের জন্য

এরপর ৩ পাতায়




# রেলের সাবওয়ে ও উড়ালপুলের দাবিতে হাওড়ার ডিআরএম এর কাছে ডেপুটেশন



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, হুগলি**

পশ্চিমবাংলার বিজেপি নেতৃত্ব বাংলার উন্নয়ন চায়না তাই বাংলার উন্নয়ন স্তব্ধ করতে কেন্দ্রীয় সরকারের কাছে বারে বারে অভিযোগ জানাচ্ছেন। আজ হাওড়ার ডিআরএমের কাছে রেল সম্পর্কিত একাধিক দাবি সম্মিলিত স্মারকলিপি দিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যের কৃষি বিপনন ও পঞ্চায়েত দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না এই অভিযোগ করেন। তিনি বলেন যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় সমস্ত রাজ্যকে কেন্দ্রীয় প্রকল্পের আর্থিক সহায়তা প্রধান করা উচিত কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে ১০০ দিনের কাজ আবাস যোজনা আইসিডিএস স্বাস্থ্যপরিসেবা সহ বিভিন্ন প্রকল্পে অর্থ কমানোর পথে কেন্দ্রীয় সরকার হাঁটছেন, এমনকি তারকেশ্বর বিষ্ণুপুর রেলপথ নির্মাণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সদিচ্ছার অভাব দেখা যাচ্ছে। তাই আমরা কেন্দ্রীয় সরকারের আর্থিক বঞ্চনার প্রতিবাদে আন্দোলনের পথে যেতে বাধ্য হয়েছি। তিনি আজ তৃণমূল কংগ্রেসের উদ্যোগে এলাকার জনগণকে সঙ্গে নিয়ে হরিপাল চন্ডীতলা সিঙ্গুর এলাকার ১৮টি জায়গায় সাবওয়ে অথবা উড়ালপুল নির্মাণ, সিঙ্গুর আন্দোলন লোকাল কে পুনর্বহাল এবং তারকেশ্বর বিষ্ণুপুর রেলপথের ভাবাদিঘির জট কাটিয়ে অবিলম্বে রেলপথ চালু করার দাবিতে হাওড়ার ডি আর এমের কাছে ডেপুটেশন দেন। এই ডেপুটেশনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আরামবাগের সাংসদ মিতালী বাগ হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না চন্ডীতলার বিধায়িকা সাথী খন্দকার হাওড়ার সাংসদ প্রসূন বন্দোপাধ্যায় সহ একাধিক নেতৃত্ব।পরে তিনি বলেন ডি,আর, এম সাহেব দাবি গুলি নিয়ে সহমত পোষন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনার আশ্বাস দেন । তিনি জানান হরিপাল সিঙ্গুর চন্ডীতলা ২ নম্বর ব্লকের অধিকাংশ মানুষকে প্রয়োজনের খাতিরে রেললাইন পারাপার করতে হয়। কিন্তু সাবওয়ে এবং ওভারব্রিজ না থাকার কারণে অনেক সময়ই দুর্ঘটনায় পড়তে হয় কিংবা দীর্ঘক্ষন লাইন পারাপারের জন্য অপেক্ষা করতে হয় এমনকি রেলগেট বন্ধ থাকার কারণে অ্যাম্বুলেন্স সহ জরুরী যানবাহনকেও দাঁড়িয়ে থাকতে হয়। তাই এই সমস্যা দূরীকরণের প্রয়োজনে আমরা আন্দোলন চালিয়ে আসছি আগামী দিনে এই সমস্যার সমাধান না হলে আমরা আরও বৃহত্তর আন্দোলনের পথে যাব বলে তিনি হুঁশিয়ারি দেন ।

## বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির দশম বার্ষিকী উপলক্ষে নারী ও শিশু কল্যাণ মন্ত্রকের উদ্যোগে ২২ জানুয়ারী থেকে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পর্যন্ত বিশেষ উদযাপন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির দশম বার্ষিকী উপলক্ষে নারী ও শিশু কল্যাণ মন্ত্রকের উদ্যোগে ২২ জানুয়ারী থেকে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পর্যন্ত বিশেষ উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ওই কর্মসূচি বিকশিত ভারত ২০৪৭ এবং মহিলাদের বিকাশ থেকে মহিলাদের নেতৃত্বে বিকাশের দিকে যাত্রার ক্ষেত্রে বিশেষ তাৎপর্যপূর্ণ। জি-২০-তে ভারত ও ব্রাজিলের সভাপতিত্বের সময় এই বিষয়ে বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে।

বেটি বাঁচাও, বেটি পড়াও কর্মসূচির দশম বার্ষিকী উদযাপনের সূচনা হবে ২২ জানুয়ারী নতুন দিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত অনুষ্ঠানের মধ্যে দিয়ে। উপস্থিত থাকবেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রী জে পি নাড্ডা, নারী ও শিশু বিকাশ মন্ত্রী শ্রীমতি অন্নপূর্ণা দেবী প্রমুখ। উপস্থিত থাকবেন সশস্ত্র বাহিনী, আধা সামরিক বাহিনী এবং দিল্লি পুলিশের মহিলা আধিকারিকরা।

এরপর ৪ পাতায়

# হাতির তাণ্ডবে নষ্ট বিঘার পর বিঘা আলু চাষ, চাষীদের পাশে থাকার আশ্বাস পঞ্চায়েত প্রধানের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

তিন দিন ধরে হাতির দল তাণ্ডব চালিয়ে নষ্ট করলো কয়েক বিঘা জমির আলু চাষ, চাষীদের পাশে থাকার আশ্বাস দিলেন গ্রাম পঞ্চায়েতে প্রধান শঙ্কর প্রসাদ দে। তিন দিন ধরে হাতির তাণ্ডবে ক্ষতি বিঘের পর বিঘে আলু ও সবজি চাষের। ঝাড়গ্রাম জেলার নয়াগ্রামের জঙ্গল থেকে সুবর্ণরেখা নদী পেরিয়ে প্রায় ২৫ টি হাতি প্রবেশ করে ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের কালিঞ্জা গ্রামে। যার ফলে ওই এলাকায় প্রায় ৪০ বিঘে জমির আলু চাষের ব্যাপক ক্ষতি করে দিয়েছে হাতির দল টি। আলু চাষের পাশাপাশি ফুল কফি, বাঁধাকফি, বেগুন, টমেটো সহ বিভিন্ন সবজি চাষেরও প্রচুর ক্ষতি করেছে হাতির দলটি। যার ফলে মাথায় হাত আলু ও সবজি চাষীদের। তিন দিন ধরে



হাতির দল টি ওই এলাকায় তান্ডব চালিয়ে আলু চাষের পাশাপাশি ব্যাপকভাবে অন্যান্য সবজি চাষের ক্ষতি করেছে বলে গ্রামবাসীরা জানান। তাই চাষের জমি থেকে আলু বাড়িতে তুলে নিয়ে যাওয়ার আগেই হাতির দল প্রায় ৪০ বিঘা জমির আলু সহ কয়েক বিঘা জমির সবজি চাষ হাতির দলটি নষ্ট করে দেওয়ায় ওই এলাকার চাষিরা প্রচুর ক্ষতির মুখে পড়বেন বলে তারা জানান। গ্রামবাসীদের পক্ষ থেকে বিষয়টি বন দফতর কে জানানো হয়েছে। বন দফতরের করে পক্ষ থেকে গ্রামবাসীদের সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে, হাতির দল যাদের ফসলের ক্ষতি করেছে তাদের ক্ষতিপূরণ দেওয়ার আশ্বাস দিয়েছে বন দপ্তর। সোমবার পেটবিন্ধি অঞ্চলের প্রধান শংকর প্রসাদ দে কালিঞ্জা গ্রামে গিয়ে হাতির দল তান্ডব চালিয়ে যেসব জমির আলু চাষ এবং সবজি চাষ নষ্ট করে দিয়েছে সেইসব এলাকা ঘুরে দেখেন, তিনি ক্ষতিগ্রস্ত চাষীদের সাথে কথা বলেন। তিনি হাতির হামলায় যে সকল চাষীদের আলু, সবজি চাষ নষ্ট হয়েছে তাদেরকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য বন দফতর কে জানাবেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন বলে জানান। সেই সঙ্গে তিনি ঐ এলাকার ক্ষতিগ্রস্ত চাষীদের পাশে রয়েছে বলে তাদেরকে আশ্বাস দেন।







(১ম পাতার পর)

# মাফিয়াদের ঠাঁই নেই'! মালদহে খুন হওয়া তৃণমূল নেতা দুলালের স্ত্রীকে পাশে বসিয়ে বার্তা মুখ্যমন্ত্রীর

কাজ করছে রাজ্য সরকার। তাঁর কথায়, ''কেন্দ্রীয় সরকার টাকা দেয় না তিন বছর ধরে। গ্রামের রাস্তা তৈরির কাজ, ১০০ দিনের কাজ থেমে নেই। আবাসন যোজনায় ৪৭ লক্ষ বাড়ি করে দিয়েছি।''

আর জি কর প্রসঙ্গ উঠে এসেছে মুখ্যমন্ত্রীর বক্তব্যে। তাঁর কথায়, ''আমি বলেছিলাম ফাঁসি চাই। যদি কেউ দানবিক, পাশবিক হয়, সমাজ মানবিক হতে পারে? মা-বোনেদের সম্মানের স্বার্থে মানবিক হতে হবে।''আমরা সকলেই তোমার সঙ্গে আছি।'' এর পরই তাঁর হুঁশিয়ারি, মাফিয়াদের জায়গা এই সমাজে নেই। যাঁরা সন্ত্রাস করে এই সমাজে তাঁদের জায়গা নেই। তাঁর কথায়, ''যাঁরা মানুষকে ভালবাসেন তাঁরাই আমার স্বর্গ। যাঁরা সেবা করেন, যাঁরা গরিব মানুষকে কাছে টেনে নেন, তাঁরাই আমার ভালবাসা, আমার মানবিক দিক।'' বিহার, ঝাড়খণ্ডের সঙ্গে সীমানা লাগোয়া মালদহ। এ ছাড়া বাংলাদেশ সীমান্তও রয়েছে। তাই সীমানা এলাকা দিয়ে যাতে এই রাজ্যে কোনও দুষ্কৃতী ঢুকতে না পারে সে বিষয়েও প্রশাসনকে সতর্ক থাকতে হবে বলেও বার্তা মুখ্যমন্ত্রীর। তাঁর বার্তা কোনও জঙ্গি, সমাজবিরোধী যেন 'ঘুঘুর বাসা' বানাতে না পারে। তা হলে তা দেশ, সমাজ এবং রাজ্যের জন্য ক্ষতি।এই সভা থেকে প্রশাসনিক আধিকারিক এবং স্থানীয় প্রশাসনগুলির উদ্দেশেও বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী। মানুষের কী কী অসুবিধা আছে তাঁদের সঙ্গে কথা বলে তা জানার চেষ্টা করতে হবে বলেও নির্দেশ দিয়েছেন প্রশাসনিক আধিকারিকদের। মুখ্যমন্ত্রী বলেন, ''বিডিও, ডিএম, ওসি, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ— সবাইকে বলব সপ্তাহে এক দিন এক ঘণ্টা করে গরিব মানুষের বাড়িতে যান। যাঁর ক্ষমতা নেই তাঁর জন্য চা, দুধ, চিনি কিনে নিয়ে যান। বলুন, আসুন চা খাই। এটুকু কাজ করতে বেশি টাকার প্রয়োজন হয় না। মাটির দাওয়ায় বসবেন। চেয়ার দিলে বসবেন। জিজ্ঞাসা করবেন। আপনার কি কোনও সমস্যা আছে?''

# বেলজিয়ামের বৈদেশিক বাণিজ্য ও বিদেশ মন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েলের, শিল্পপতিদের সঙ্গে আলাপচারিতা

**নয়াদিল্লি, ২১ জানুয়ারি, ২০২৫**

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী শ্রী পীযূষ গোয়েল আজ ব্রাসেলস্-এ বেলজিয়ামের বৈদেশিক বাণিজ্য, বিদেশ ও ইউরোপীয় বিষয়ক মন্ত্রী শ্রী বার্নার্ড কুইন্টিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। ভারত ও বেলজিয়ামের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যকে মজবুত করা এবং লগ্নি বাড়ানোর উপর জোর দেন তাঁরা। দু'দেশের মধ্যে আর্থিক সহযোগিতা বৃদ্ধি এবং অংশীদারিত্বের নতুন নতুন ক্ষেত্র নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়। ২০২৩-২৪ অর্থবর্ষে ভারত ও বেলজিয়ামের মধ্যে বাণিজ্যের পরিমাণ ছিল ১৫.০৭ মার্কিন বিলিয়ন ডলার। বেলজিয়াম থেকে ভারতে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের পরিমাণ ছিল ৩.৯৪ মার্কিন বিলিয়ন ডলার। ইউরোপীয় ইউনিয়ন-ভারত মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ)-র অগ্রগতি নিয়েও তাঁরা আলোচনা করেন এবং বাণিজ্যের

এরপর ৬ পাতায়

(১ পাতার পর)

# সর্বসাধারণের জন্য অমৃত উদ্যান খুলে যাবে ২ ফেব্রুয়ারি থেকে

ভবনে ভিসিটরস কনফারেন্সের জন্য ২০ ও ২১ ফেব্রুয়ারি এবং হোলি উপলক্ষে ১৪ মার্চ বন্ধ থাকবে এই উদ্যান।

প্রবেশ ও প্রস্থান গেট নম্বর ৩৫ দিয়ে – যা রাষ্ট্রপতি ভবন এবং নর্থ অ্যাভিনিউ-এর সংযোগস্থলের কাছে। সকাল ৯ টা ৩০ থেকে সন্ধে ৬ টা সেন্ট্রাল সেক্রেটারিয়েট মেট্রো স্টেশন থেকে গেট নম্বর ৩৫ পর্যন্ত বিশেষ বাস পরিষেবা মিলবে।

২৬ মার্চ ভিন্নভাবে সক্ষমদের জন্য, ২৭ মার্চ প্রতিরক্ষা – আধা সামরিক – পুলিশবাহিনীর কর্মীদের জন্য, ২৮ মার্চ মহিলা এবং আদিবাসী মহিলাদের স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের জন্য এবং ২৯ মার্চ প্রবীণ নাগরিকদের জন্য খোলা থাকবে এই উদ্যান।

প্রবেশ নিঃশুল্ক। https://visit.rashtrapatibhavan.gov.in/. থেকে অথবা সরাসরি গিয়েও প্রবেশপত্র পাওয়া যাবে।

৬ মার্চ থেকে ৯ মার্চ রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠিত হবে বিবিধতার অমৃত মহোৎসব। এবছর এই মহোৎসবে তুলে ধরা হবে দক্ষিণ ভারতের সাংস্কৃতিক ঐতিহ্য।

# সমালোচনা বনাম বাস্তবতা: ইনস্যুরেন্সের প্রকৃত মূল্য

**– শ্রী তপন সিংঘেল, চেয়ারম্যান, জেনারেল ইনস্যুরেন্স কাউন্সিল এবং এমডি ও সিইও, বাজাজ অ্যালিয়ান্স জেনারেল ইনস্যুরেন্স.**

ইনস্যুরেন্স - এই ইন্ডাস্ট্রি লক্ষ লক্ষ নাগরিক এবং অনেক ব্যবসাকে সুরক্ষিত করে রাখে। অথচ তাদের প্রায়শই এমন পরিস্থিতির সম্মুখীন হতে হয় যা এই প্রচেষ্টাকে বিঘ্নিত করে। সম্প্রতি সংবাদমাধ্যমে প্রকাশিত কিছু রিপোর্ট আবার সমালোচনার ঢেউ তুলেছে। একটি প্রাসঙ্গিক প্রশ্ন উঠে আসছে: চটকদার খবর কি যুক্তিবুদ্ধিকে হারিয়ে দিচ্ছে? যদিও এই রকম রিপোর্ট সম্পর্কে অনেক কিছু বলা হয়েছে, তবে এখন এই সমস্যা সম্পর্কে গভীর বিশ্লেষণ করা এবং বাস্তব পরিস্থিতি বোঝা জরুরি।

যে ভালো বিষয়গুলি কেউ দেখে না: নিঃশব্দ সংখ্যাগরিষ্ঠতা: গত বছর IRDAI এর বার্ষিক রিপোর্ট অনুযায়ী, জেনারেল ইনস্যুরেন্স ইন্ডাস্ট্রি ₹1.72 লক্ষ কোটি মূল্যের কোটির ক্লেম সেটল করেছে, যার মধ্যে হেলথ ইনস্যুরেন্সের জন্য ₹80,000 কোটির বেশি পে করা হয়েছে। তবে যারা উপকৃত হন তাদের নিয়ে সংবাদ হয় না। অন্যদিকে, কয়েকটি বিচ্ছিন্ন অভিযোগ এবং কয়েক জনের খারাপ অভিজ্ঞতা এখন ইন্ডাস্ট্রির পরিচয়ে পরিণত হয়েছে। এছাড়াও, ইন্ডাস্ট্রিতে ক্লেম সেটলমেন্ট রেশিও এখন 40% এর বেশি. প্রত্যাখ্যান করা ক্লেমের মধ্যে 20% হয়েছে প্রতারণার উদ্দেশ্য বা সঠিক নথিপত্র জমা না দেওয়ার মতো কারণে। অথচ এই বিষয়ে কোনও প্রতিবাদ করা হয়নি। ইনস্যুরেন্স হল জনগণের টাকা এবং দায়িত্বশীলভাবে এই টাকা পরিচালনা করার জন্য ইনস্যুরারদের প্রশংসা করা উচিত।

# সম্পাদকীয়

## তৃণমূলের 'রদবদল' নিয়ে তুঙ্গে জল্পনা!

বিগত কয়েকদিন ধরেই তৃণমূলের অন্দরে রদবদলের ইঙ্গিত মিলেছে একাধিকবার। যদিও দেখতে দেখতে জানুয়ারি মাস প্রায় শেষের পথে, এখনও পর্যন্ত তৃণমূলের অন্দরে রদবদল নিয়ে কোনো খবরই সামনে আসেনি। সম্প্রতি এই রদবদলের জল্পনা আরও একবার উস্কে দিয়েছেন তৃণমূলের যুব নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় নিজেই।সম্প্রতি সমবায় ব্যাংকের নির্বাচনে দলে অখিল গিরি যেভাবে প্রাধান্য পেয়েছেন তাতে আগামীতে সংগঠন এবং মন্ত্রিসভাতেও তাঁকে যে আবার স্বমহিমায় দেখা যাবে তা নিয়েও শুরু হয়েছে জল্পনা। শোনা যাচ্ছে, মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্ত্রিসভাতেও খুব শিগগিরই একটা রদবদল ঘটতে চলেছে। এই বিষয়ে সর্বত্র ব্যাপক চর্চা শুরু হয়েছে। জানা যাচ্ছে, আগামী ফেব্রুয়ারি মাসেই নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে কর্মী সভা করতে পারেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ওই মঞ্চ থেকেই গুরুত্বপূর্ণ বদল আনতে পারেন দলনেত্রী। যা নিয়ে ইতিমধ্যেই শুরু হয়েছে ব্যাপক চর্চা।ডায়মন্ড হারবার থেকে 'সেবাশ্রয়' প্রকল্পের সূচনার দিনেই জোরালো বার্তা দিয়ে অভিষেক বলেছিলেন, 'রদবদল হবেই'। এরই মধ্যে দলের (Trinamool Congress) অন্দরে মাঝেমধ্যেই দেখা যাচ্ছে নবীন-প্রবীণ দ্বন্দ্ব। তাই প্রশ্ন উঠছে দলের রদবদল নিশ্চিত হলেও তা হবে কোন ফর্মুলায়? এক্ষেত্রে এগিয়ে থাকবে অভিষেকের 'পারফর্মেন্স' তত্ত্ব নাকি শেষ কথা বলবে মমতা বন্দ্যোপাধ্যায়ের ফর্মুলা? তা নিয়েই এখন জোর জল্পনা ঘাসফুল শিবিরে।

বিগত কয়েকদিন ধরেই নবীন-প্রবীণ দ্বন্দ্ব নিয়েও বেজায় অস্বস্তিতে তৃণমূল শিবির। ইদানিং একপ্রকার খোলাখুলি একে অপরের বিরোধিতা করে আসরে নেমেছেন অনেক পরিচিত নেতা। এরই মধ্যে কালীঘাটে তৃণমূলের জাতীয় কর্মসমিতির বৈঠকেও দলে পাল্লা ভারী হয়েছে প্রবীণ নেতাদের।

সম্প্রতি কাঁথি কোঅপারেটিভ ব্যাংকের নির্বাচনেও দল বেশি গুরুত্ব দিয়েছে প্রবীণ নেতা অখিল গিরির নেতৃত্বকেই। খোদ তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় প্রাধান্য দিয়েছেন সুব্রত বক্সীর প্যানেলকে। এক্ষেত্রে দলনেত্রীর বার্তা খুবই স্পষ্ট। 'ওল্ড ইজ গোল্ড'! তাই আগামী দিনেও দলের প্রবীণ নেতাদের গুরুত্ব পাওয়ার সম্ভাবনাই অনেক বেশি।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠদমতম পর্ব)



আগে থেকেই ঐতিহাসিক তথ্যে কালীঘাট মন্দির প্রতিষ্ঠিত হয়ে গিয়েছে।

তখন হুগলী নদী বা গঙ্গা বর্তমান প্রিন্সেপ ঘাটের বাঁদিকে বাঁক নিয়ে কালীঘাট, টালিগঞ্জ, গড়িয়া, বৈষবঘাটার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে বিদ্যাধরী নদীর সাথে মিলিত হয়ে বঙ্গোপসাগরে মিশতো। গঙ্গা ছিল বিশাল চওড়া ও গভীর। ঘন নিবিড় জঙ্গলের ভেতর দিয়ে বিপুল জলধারা প্রবাহমান ছিল। এটাই ছিল তৎকালীন বঙ্গোপসাগরে যাবার জলপথ। তখন গঙ্গা প্রবাহিত হত কালী মন্দিরের পাশ দিয়ে। এই পথে ছিল পর্তুগীজ জলদস্যুদের

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির দশম বার্ষিকী উপলক্ষে নারী ও শিশু কল্যাণ মন্ত্রকের উদ্যোগে ২২ জানুয়ারী থেকে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পর্যন্ত বিশেষ উদযাপন

এছাড়াও থাকবেন বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকের উচ্চ পদস্থ মহিলা আধিকারিক, বিদ্যালয়ের ছাত্রী (মাই ভারত স্বেচ্ছাসেবক), অঙ্গনওয়াড়ি কর্মী, বিভিন্ন রাজ্য ও জেলাস্তরের প্রতিনিধিরা। এই অনুষ্ঠানে ইউনিসেফ, ইউএনডিপি, বিশ্ব ব্যাঙ্ক সহ আন্তর্জাতিক নানা প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বও থাকবে।

দেশ জুড়ে এই উদযাপন ২২ জানুয়ারী ২০২৫ থেকে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পর্যন্ত নারী দিবস পর্যন্ত চলবে। বিজ্ঞান ভবনের অনুষ্ঠানে মিশন বাৎসল্য এবং মিশন শক্তি পোর্টালেরও সূচনা হবে।

রাজ্য এবং জেলা স্তরে সাংস্কৃতিক সমারোহ, পদযাত্রা, সংবর্ধনা অনুষ্ঠানের পাশাপাশি মহিলাদের ক্ষমতায়নের লক্ষ্যে সংকল্প কর্মসূচির আওতায় নানান আয়োজনের ব্যবস্থা রয়েছে। দেশ জুড়ে মুদ্রণ, ডিজিটাল এবং সামাজিক মাধ্যমে চলবে বিশেষ প্রচারাভিযান।

ভারতে লিঙ্গানুপাতের ক্ষেত্রে বৈষম্য অত্যন্ত প্রকট হওয়ার প্রেক্ষিতে, তার মোকাবিলায় ২০১৫-র ২২ জানুয়ারী প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী হরিয়ানার পাণিপথে বেটি বাঁচাও, বেটি পড়াও কর্মসূচির সূচনা করেন। এর সুবাদে জন্মানোর সময়ে লিঙ্গানুপাতের ক্ষেত্রে কিছুটা ইতিবাচক প্রবণতা দেখা গেছে। ওই অনুপাত ২০১৪-১৫-র ৯১৮ থেকে বেড়ে ২০২৩-২০২৪-এ দাঁড়িয়েছে ৯৩০ –এ। বিদ্যালয়ে মেয়েদের ভর্তি হওয়ার অনুপাতও ৭৫.৫১ শতাংশ থেকে বেড়ে ৭৮ শতাংশ হয়েছে এই সময়ে। প্রাতিষ্ঠানিক প্রসবের অনুপাত ৬১ শতাংশ থেকে বেড়ে হয়েছে ৯৭.৩ শতাংশ।

বেটি বাঁচা বেটি পড়াও কর্মসূচির আওতায় যশস্বিনী বাইক এক্সপিডিশান কিংবা কন্যা শিক্ষা প্রবেশ উৎসব ঘিরে যথেষ্ট সাড়া পাওয়া গেছে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

দেবী, তিথি মাহাত্ম্যে কেবল বিল্বপত্রে আমার যে প্রীতি হয়েছিল, স্নান, পূজা বা নৈবেদ্যদি দিয়েও সে প্রীতি সম্পাদন সম্ভব নয়। তিথি মাহাত্মে ব্যাধ মহাপূণ্য লাভ করেছিল। পরদিন উজ্জল প্রভাতে ব্যাধ নিজের বাড়িতে চলে গেল। কালক্রমে ব্যাধের আয়ু শেষ হল। যমদূত তার আত্মাকে নিতে এসে তাকে যথারীতি যমপাশে বেঁধে ফেলতে উদ্যত হল। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "মন কি বাত" (১১৮ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

আশঙ্কাকে ভুল প্রমাণিত করেছে- কারণ সর্বোপরি ভারত Mother of Democracy।

বিগত দশকগুলোতেও দেশের গণতন্ত্র মজবুত হয়েছে, সমৃদ্ধ হয়েছে। আমি নির্বাচন কমিশনকেও ধন্যবাদ জানাবো, তারা সময়ের সঙ্গে সঙ্গে আমাদের মতদানের প্রক্রিয়াকে আধুনিক করে তুলেছেন, মজবুত করেছেন। নির্বাচন কমিশন জন-শক্তিকে আরো শক্তিশালী করতে প্রযুক্তির শক্তিকে ব্যবহার করেছে। নির্বাচনকে নিরপেক্ষ রাখার তাঁদের যে কমিটমেন্ট তার জন্য আমি নির্বাচন কমিশনকে শুভেচ্ছা জানাই। আমি দেশবাসীকে বলতে চাই যে, তাঁদের মতদানের যে অধিকার, তাঁরা যেন সেটার আরো বেশি করে সদ্ব্যবহার করেন, সব সময় করেন এবং দেশের Democratic Process এর অংশীদার হয়ে উঠে Process-টাকে যেন আরো মজবুত করে তোলেন।

আমার প্রিয় দেশবাসী, প্রয়াগরাজে, মহাকুম্ভর শুভারম্ভ হয়ে গিয়েছে। অবিস্মরণীয় জন-জোয়ার, অকল্পনীয় দৃশ্য, সম্প্রীতি এবং ঐক্যের এক অসাধারণ মেলবন্ধন। এবার কুম্ভে অনেক দিব্য যোগও তৈরি হচ্ছে।

## (তৃতীয় পর্ব)

কুম্ভের এই উৎসব বৈচিত্র্যের মধ্যে ঐক্যের উৎসবের উদযাপন। সঙ্গমের তটভূমিতে সারা ভারতের, সারা বিশ্বের মানুষ একত্রিত হন। হাজার হাজার বছর ধরে চলে আসা এই ঐতিহ্যে কোথাও কোন ভেদাভেদ নেই জাতিভেদ নেই। এখানে ভারতের দক্ষিণ থেকে মানুষ আসেন, ভারতের পূর্ব ও পশ্চিম থেকে মানুষ আসেন। কুম্ভোয় ধনী-দরিদ্র সবাই এক হয়ে যান। সমস্ত মানুষ সঙ্গমে স্নান করেন, একসঙ্গে ভান্ডারায় ভোজন করেন, প্রসাদ নেন- সেই জন্যই তো কুম্ভ ঐক্যের মহাকুম্ভ।

কুম্ভের আয়োজন আমাদের এটাও স্পষ্ট করে দেয় যে কিভাবে আমাদের ঐতিহ্য সারা ভারতকে একসূত্রে জুড়ে রাখে। উত্তর থেকে দক্ষিণ পর্যন্ত মানুষের বিশ্বাস ও আচার-উপচার যেন একই রকম। একদিকে প্রয়াগরাজ, উজ্জয়ন, নাসিক এবং হরিদ্বারে কুম্ভের আয়োজন হয়, ঠিক সেভাবেই দক্ষিণ ভূ-ভাগে গোদাবরী, কৃষ্ণা, নর্মদা আর কাবেরী নদীর তটে পুষ্করম হয়। এই দুই উৎসবই আমাদের পবিত্র নদীগুলির সঙ্গে, পবিত্র বিশ্বাসের সঙ্গে, জুড়ে রয়েছে। এভাবেই কুম্ভকোণম থেকে তিরুক্কডয়ুর, কূড়-বাসল থেকে তিরুচেরই অবধি এমন সব মন্দির আছে যার ঐতিহ্য কুম্ভের সঙ্গে জুড়ে আছে।

বন্ধুরা, এই বছর আপনারা সকলে দেখেছেন যে, কুম্ভ মেলায় যুবক-যুবতীরা কী ব্যাপক ভাবে অংশগ্রহণ করেছেন আর এটা সত্যি যে, যখন যুবসমাজ নিজেদের সংস্কৃতির সঙ্গে গর্বের সঙ্গে যুক্ত হয়, তখন তাঁদের শিকড় আরও মজবুত হয় আর তখন তাঁদের স্বর্ণোজ্জ্বল ভবিষ্যতও সুনিশ্চিত হয়। আমরা এই বছর কুম্ভের ডিজিটাল ফুট প্রিন্টসও এত বড় স্কেলে দেখেছি। কুম্ভের এই বিশ্বব্যাপী জনপ্রিয়তা প্রত্যেক ভারতীয়ের জন্য গর্বের বিষয়।

বন্ধুরা, কয়েক দিন আগেই পশ্চিমবঙ্গে গঙ্গাসাগর মেলার বিরাট আয়োজন করা হয়েছে। সংক্রান্তির পবিত্র সময়ে এই মেলায় সারা বিশ্ব থেকে লাখ লাখ পুণ্যার্থীরা এসে গঙ্গা স্নান করেছেন। কুম্ভ, পুস্করম এবং গঙ্গাসাগর মেলা- আমাদের এই সব পর্ব, আমাদের সামাজিক মেলামেশাকে, সৌহার্দ্যকে, একতাকে বাড়িয়ে দেয়। এই সব আয়োজন ভারতের মানুষদের

**(ক্রমশঃ)**

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# মহাকুম্ভ ২০২৫ : ১৫ লক্ষ বিদেশী পর্যটক সহ ৪৫ কোটিরও বেশি পুণ্যার্থীর যোগদানের সম্ভাবনা, রয়েছে ১৩ টি আখড়া

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নতুন দিল্লির জওহরলাল নেহেরু ভবনে আজ বিদেশ মন্ত্রক এবং উত্তরপ্রদেশ সরকারের পক্ষ থেকে বিদেশী সাংবাদিকদের মহাকুম্ভের আধ্যাত্মিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক গুরুত্ব সম্পর্কে অবহিত করা হয়।

১৩ জানুয়ারী থেকে ২৬ ফেব্রুয়ারী এই মহাকুম্ভে ১৫ লক্ষ বিদেশী পর্যটক সহ ৪৫ কোটি পুণ্যার্থীর সমাগম হবে বলে সরকারের অনুমান। ২০১৯ –এর কুম্ভ মেলায় ২৫ কোটি মানুষের সমাগম হয়েছিল। মহাকুম্ভ ২০২৫ জনসমাগমের নিরিখে বিশ্বের অন্যান্য বড় সমাবেশকে পেছনে ফেলে দেবে বলে মনে করা হচ্ছে।

অর্থনৈতিক দিক থেকেও মহাকুম্ভ ২০২৫ বিশেষ তাৎপর্যপূর্ণ হয়ে উঠবে বসলে আশা করা হচ্ছে। ভারতের অর্থনীতিতে এই মহাকুম্ভ ২ লক্ষ কোটি টাকা অবদান রাখবে বলে সরকারের প্রত্যাশা।

এই সমাবেশকে নির্বিঘ্ন রাখতে প্রয়াগরাজে ১৪ টি নতুন উড়ালপুল, ৯ টি স্থায়ী ঘাট, ৭ টি নতুন বাস স্টেশন এর পাশাপাশি নদীর তীরে ১২ কিলোমিটার এলাকা জুড়ে অস্থায়ী ঘাট তৈরি করা হয়েছে। নিরাপত্তার দায়িত্বে মোতায়েন রয়েছেন ৩৭ হাজার পুলিশ কর্মী, ১৪ হাজার হোম গার্ড। কাজ করে চলেছে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ২৭৫০ টি সিসিটিভি।

৪৩ টি হাসপাতালে ৬ হাজার শয্যা প্রস্তুত। রয়েছে এয়ার অ্যাম্বুলেন্সের ব্যবস্থা। সমাবেশ প্রাঙ্গন পরিচ্ছন্ন রাখার দায়িত্বে ১০,২০০ সাফাই কর্মী এবং ১৮০০ গঙ্গা সেবাদূত।

মহাকুম্ভে কিন্নর আখড়া, দশনাম সন্ন্যাসীনি আখড়া সহ ১৩ টি আখড়া রয়েছে। এই আখড়াগুলি লিঙ্গসাম্য ও প্রগতিবাদী চিন্তাভাবনার প্রতীক হয়ে উঠেছে।

# ট্রাম্পের শপথের পরেই শি-পুতিন কথা, কী বার্তা আমেরিকাকে?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



আমেরিকার প্রেসিডেন্ট পদে ডোনাল্ড ট্রাম্পের শপথগ্রহণে আন্তর্জাতিক রাজনীতিতে পটবদলের আঁচ করে ভিডিও কলে আলোচনা করলেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিং ও রাশিয়ার ভ্লাদিমির পুতিন। হোয়াইট হাউসে নতুন অধীশ্বর বসায় চিন-রুশ মৈত্রী আরও সুগভীর করার লক্ষ্যে শপথগ্রহণের প্রায় অব্যবহিত পরেই কথা সেরে ফেললেন শি ও পুতিন।পুতিন আরও বলেছেন, মস্কো ও বেজিংয়ের দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত হওয়ার পিছনে অনেকগুলি জাতীয় স্বার্থবাহী ঐক্য রয়েছে বলে মনে করি। আমরা আমাদের সম্পর্ক টিকিয়ে রেখেছি বন্ধুত্ব, পারস্পরিক বোঝাপড়া এবং সমর্থন, মিলমিশ থাকার কারণে। দুই মহাশক্তিধর রাষ্ট্রনেতার এই ভিডিও কল নিয়ে ইতিমধ্যেই আন্তর্জাতিক রাজনীতিতে চর্চা শুরু হয়ে গিয়েছে। কারণ, একটি পূর্ণাঙ্গ কমিউনিস্ট শাসিত এবং অন্য একটি দীর্ঘদিনের কমিউনিজম প্রভাবিত দেশের অন্তরঙ্গতা আমেরিকার পক্ষে খুব একটা সুবিধাজনক হবে না ভবিষ্যতে।মঙ্গলবার চিনের সরকারি সংবাদমাধ্যম এই খবর জানিয়েছে।

চিনের সরকারি টিভি চ্যানেল সিসিটিভি জানিয়েছে, দুদেশের রাষ্ট্রনেতার আলোচনাটি হয় বেজিংয়ের গ্রেট হল অফ দ্য পিপল-এ। তবে বৈঠকের বিষয়ে বিশদ খোলসা করে কিছু জানানো হয়নি। ২০২২ সালের ফেব্রুয়ারিতে রাশিয়া ইউক্রেনে হামলা শুরু করার পর থেকে এ পর্যন্ত চিন নিজেকে নিরপেক্ষ ভূমিকায় রেখেছে। যদিও মস্কো ও বেজিংয়ের মধ্যে এখনও রাজনৈতিক ও অর্থনৈতিক ঘনিষ্ঠ সমঝোতা বজায় রয়েছে। বিশেষত চিন এখনও পর্যন্ত রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সমালোচনা না করায় ইউরোপীয় দেশগুলি তথা মার্কিন শক্তি নেতৃত্বাধীন ন্যাটোভুক্ত দেশগুলি বেজিংকে সংঘর্ষের নীরব সমর্থক বলে মনে করে।এর আগে চিনের প্রেসিডেন্ট শি জিনপিং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে 'সেরা বন্ধু' এবং পুতিনও শি-কে 'বিশ্বাসযোগ্য শরিক' বলে মন্তব্য করেছিলেন। এদিন ভিডিও কলের শুরুতেই পুতিন শিকে ডিয়ার ফ্রেন্ড বলে সম্বোধন করেন। পুতিন বলেন, তিনি চান রুশ-চিনের মধ্যে সর্বাত্মক শরিকি বন্ধুত্ব ও কৌশলগত সহযোগিতা গড়ে তুলতে হবে এক নতুন পরিকল্পনায়। ক্রেমলিনের পক্ষ থেকে এই কথাবার্তার ভিডিও প্রকাশ করা হয়েছে।

## জি-২০ শীর্ষ সম্মেলন এবং ভারতের সভাপতিত্ব নিয়ে লেখা বইয়ের জন্য শ্রী অমিতাভ কান্তের প্রশংসা করলেন প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জি-২০ শীর্ষ সম্মেলন এবং ভারতের সভাপতিত্ব নিয়ে লেখা বইয়ের জন্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, শ্রী অমিতাভ কান্তের প্রশংসা করেছেন।

এক্স হ্যান্ডলে শ্রী অমিতাভ কান্তের একটি পোস্টের উত্তরে শ্রী মোদী লিখেছেন :

"২০২৩ সালের জি-২০ শীর্ষ সম্মেলন এবং ভারতের সভাপতিত্ব নিয়ে লেখার জন্য আপনার প্রয়াস প্রশংসনীয়। এই লেখায় পৃথিবীকে আরও বাসযোগ্য করে তোলার লক্ষ্যে আমাদের মানবকেন্দ্রিক উন্নয়নের প্রচেষ্টা অত্যন্ত সহজ দৃষ্টিভঙ্গীতে ফুটিয়ে তোলা হয়েছে।

## আন্তর্জাতিক কাচ কংগ্রেসের উদ্বোধন করলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং কলকাতার বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে ২৭তম আন্তর্জাতিক কাচ কংগ্রেসের উদ্বোধন করেছেন। তিনি বলেন, ২০১৪ সালে নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী হওয়ার পর গত এক দশকে ভারতে প্রযুক্তির ব্যাপক অগ্রগতি হয়েছে।

সিএসআইআর – সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সেরামিক রিসার্চ ইন্সটিটিউট-এর উদ্যোগে জানুয়ারির ২০ থেকে ২৪ তারিখ পর্যন্ত এই সম্মেলনের আয়োজন করা হয়েছে।

ডঃ জিতেন্দ্র সিং বলেন, আগের মতো ভারত এখন আর অন্য দেশকে অনুসরণ করে না, বিজ্ঞান ও প্রযুক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে ভারত নিজেই এখন নেতৃত্ব দিয়ে নানা উদাহরণ স্থাপন করছে। এই প্রসঙ্গে তিনি চাঁদের দক্ষিণ মেরুতে ইসরোর মহাকাশযানের সফল অবতরণ এবং বায়ো ই-থ্রি নীতির উল্লেখ করেন।

ডঃ সিং বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের যে ভাবনা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রয়েছে, তার বেশিরভাগটাই প্রযুক্তি চালিত। শিক্ষামহল ও শিল্পমহলের মধ্যে সমন্বয়ের গুরুত্বের ওপর জোর দিয়ে মন্ত্রী বলেন, বিজ্ঞানের চূড়ান্ত লক্ষ্য হল মানুষের জীবনযাপন সহজ করে তোলা। এই প্রসঙ্গে শ্রী সিং, সিএসআইআর-এর আগের "এক সপ্তাহ, ল্যাবে"-র ভাবনার সঙ্গে সঙ্গতি রেখে "এক সপ্তাহ, এক ভাবনা" কর্মসূচির কথা বলেন। প্রাত্যহিক জীবনে কাচের ব্যাপক ভূমিকার উল্লেখ করে ডঃ সিং বলেন, কাচ এখন মহাকাশ, পরমাণু শক্তি, অপটিক্স এবং প্রতিরক্ষা ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কাচের পুনর্ব্যবহারযোগ্যতা এবং বাণিজ্যিক সম্ভাবনারও উল্লেখ করেন তিনি।

ইন্টারন্যাশনাল কমিশন অন গ্লাসের প্রেসিডেন্ট এবং টোকিও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিরোউকি ইনোউ, সিএসআইআর – সিজিসিআরআই-এর অধিকর্তা অধ্যাপক বিক্রমজিৎ বসু সহ বহু বিশিষ্ট ব্যক্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দেড়শোজন বিদেশি সহ সাড়ে পাঁচশোরও বেশি প্রতিনিধি এই সম্মেলনে যোগ দিয়েছেন।

(৩ পাতার পর)


## বেলজিয়ামের বৈদেশিক বাণিজ্য ও বিদেশ মন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েলের, শিল্পপতিদের সঙ্গে আলাপচারিতা

অগ্রাধিকারের ক্ষেত্রগুলি নিয়ে তাঁরা কথা বলেন।

অচিরাচরিত শক্তি, জীবন বিজ্ঞান, পরিকাঠামো, ডিজিটাল প্রযুক্তি এবং খাদ্য পণ্যের মতো ক্ষেত্রগুলিতে পারস্পরিক সহযোগিতা নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়। ইউরোপীয় শিল্পপতি, হিরে শিল্পের সঙ্গে যুক্ত ব্যবসায়ী এবং বিনিয়োগকারীদের সঙ্গেও বৈঠক করেন ভারতের শিল্প ও বাণিজ্য মন্ত্রী। বৈঠকে সামুদ্রিক পরিষেবা, সৌরশক্তি, বর্জ্য পরিশোধন ব্যবস্থা এবং গ্রিন হাইড্রোজেন নিয়ে আলোচনা হয়।

# সিনেমার খবর

## অপেক্ষা বাড়ছে রণবীরের ধুম-৪ এর, শুটিং শুরু কবে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ব্যস্ত সময় পার করছেন রণবীর কাপুর। হাতে প্রচুর সিনেমার কাজ। কখনো সঞ্জয় লীলা বনশালি, তো কখনো সন্দীপ রেড্ডি ভাঙ্গা। সঙ্গে 'রামায়ণ'-এর মতো বড় কাজ তো আছেই। এর মধ্যে প্রস্তুতি শুরু ধুম ফোর' এর। বলিপাড়ায় গুঞ্জন, ফ্র্যাঞ্চাইজির চতুর্থ সিনেমার জন্য ভিলেন খোঁজা হচ্ছে দক্ষিণী ইন্ডাস্ট্রি থেকে।


আপাতত চলছে সঞ্জয় লীলা বনশালির 'লাভ অ্যান্ড ওয়ার' সিনেমার শুটিং। যে সিনেমায় আলিয়া ভাট ও ভিকি কৌশলও আছেন। তারপরও একাধিক ছবি রয়েছে রণবীরের হাতে। নীতীশ তিওয়ারির 'রামায়ণ' নিয়ে চর্চা তো দীর্ঘদিন ধরেই। সেটিও রয়েছে ব্রহ্মাস্ত্র অভিনেতার ব্যস্ততার ঝুলিতে। এত কিছুর মধ্যে অপেক্ষা থাকবে সন্দীপ রেড্ডি ভাঙ্গার 'অ্যানিমাল'-র সিক্যুয়েল 'অ্যানিমাল পার্ক'-র জন্য।

ফলে সব মিলিয়ে 'ধুম ফোর'-এর শুটিং শুরু হতে হতে ২০২৬ সালের এপ্রিল মাস লেগে যাবে। সবে প্রি-প্রোডাকশনের কাজ শুরু হয়েছে। সূত্রের খবর, ধুম ফোরে রণবীরের লুক কেমন হবে তা নিয়ে এখনও পরীক্ষা-নিরীক্ষা চলছে। হাতের দুটি সিনেমা শেষ করে তবে এতে হাত দেবেন।

সিনেমাটিতে দুজন অভিনেত্রী থাকার কথা। সেখানে কাদের বাছা হবে, সেটিও চূড়ান্ত হয়নি। চমক থাকতে পারে ভিলেনে। শোনা যাচ্ছে, দক্ষিণী ইন্ডাস্ট্রির জনপ্রিয় কারো ওপরই সেই দায়িত্ব পড়বে।

২০১৩ সালে ধুম ফ্র্যাঞ্চাইজির তৃতীয় সিনেমা রিলিজ করেছিল। সেখানে ছিলেন আমির খান, অভিষেক বচ্চনরা। তারপর প্রায় একযুগ কেটে গেছে। রণবীরের ব্যস্ততার জন্য না হয় আরও কিছুটা দেরি হলোই! ২০২৬-এর মার্চে 'লাভ অ্যান্ড ওয়ার' মুক্তি পাওয়ার কথা। আর দীপাবলিতে রাম চরিত্রে দেখা যাবে তাকে। যেখানে সীতার চরিত্রে সাই পল্লবী ও রাবণের ভূমিকায় থাকবেন যশ।

## কেন ভেঙেছিল রাভিনা ও অক্ষয়ের প্রেমের সম্পর্ক?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউডে কান পাতলেই শোনা যায়, অক্ষয় কুমারের সঙ্গে নাকি বেশ গভীর প্রেমের সম্পর্ক ছিল রাভিনা ট্যান্ডনের। 'টিপটিপ বারসা পানি' থেকে শুরু করে আরও অনেক গানে এবং সিনেমায় একসঙ্গে অভিনয় করেছেন অক্ষয়-রাভিনা। তাদের জুটিকে বেশ পছন্দ করতেন দর্শক। ফলে অনেকের ধারণা তৈরি হয়েছিল, তাদের পর্দার কেমিস্ট্রিও ব্যক্তিজীবনে ফাগুন ধরিয়ে দেবে।

সেই সম্পর্ক যাই থাক না কেন, পরবর্তী সময়ে পথ আলাদা হয়ে গেছে অক্ষয় ও রাভিনার। শোনা যায়, বেশ তিক্ত সম্পর্ক তৈরি হয়েছিল তাদের। হাতাহাতি পর্যন্ত হয়েছিল। ঠিক কোন কারণে এত তিক্ততার জন্ম হলো? সেই বিপত্তির কারণই নাকি ছিলেন রেখা।

শোনা যায়, রেখার সঙ্গে সম্পর্ক জমজমাট পর্যায়ে যাওয়ার পরই নাকি রাভিনার সঙ্গে সম্পর্কে তিক্ততা তৈরি হয়েছিল অক্ষয়ের।

তাদের মধ্যে তীব্র কথা কাটাকাটি হয়েছিল। সেই কথা কাটাকাটি হাতাহাতি পর্যায় চলে যায় সেটের মধ্যেই। সেট ছেড়ে বেরিয়ে গিয়েছিলেন রাভিনা। দুই অভিনেতার এমন স্বরূপ দেখে পরিচালক-প্রযোজক সবার মাথাতেই হাত পড়ে গিয়েছিল। অক্ষয়ের ওপর রাগ করে আবার সাবেক প্রেমিকের কাছে চলে গিয়েছিলেন রাভিনা।

তার সেই সাবেকের নাম কমল সাদানা। হঠাৎ করে রাভিনা তার জীবনে চলে আসায় চওড়া হাসি ফুটেছিল কমলের মুখে। তিনি বলেছিলেন যে, রবিনা নাকি তার খুবই ভালো বন্ধু। এও বলেছিলেন, রাভিনার দুঃখ একমাত্র আমিই বুঝতে পারি। ফলে বারবার ওকে আমার কাছেই ছুটে আসতে হয়।

## ৫ মিনিটের দেরি, উত্তম কুমারকে সিনেমা থেকে বাদ দেন পরিচালক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



তিনি মহানায়ক। তিনি বহু মানুষের জীবনের অনুপ্রেরণা। কথা হচ্ছে মহানায়ক উত্তম কুমারের। ঝুলিতে তার একের পর এক হিট সিনেমা। কিন্তু জানেন কি? মাত্র কয়েক মিনিট দেরি করার জন্য শুটিং ফ্লোর থেকে বের করে দেওয়া হয়েছিল নায়ককে। শুধু তাই নয় সেই সিনেমা থেকেও বাদ গিয়েছিলেন নায়ক। সুপারস্টারের সঙ্গেও এমনটা হতে পারে? এটা কেউ হয়ত ভাবতেই পারবেন না। কিন্তু এমনটাই ঘটেছিল।

এ যুগে ফ্লোরে তারকাদের দেরি করে আসা এমন কিছু বড় ব্যাপার নয়। এমন অনেক সময়ই হয় গোটা ফ্লোর অপেক্ষায় রয়েছে। এদিকে, নায়ক নায়িকারা নির্ধারিত সময়ের অনেকক্ষণ পরে এসে পৌঁছাচ্ছেন শুটিংয়ে। কিন্তু সেই যুগে এমনটা কোনো পরিচালক বরদাস্ত করতেন না। তাই তো মাশুল দিতে হয়েছিল উত্তম কুমারকে।

তখন শিল্পী সংসদের সভাপতি উত্তমকুমার। সম্পাদক ছিলেন অর্ধেন্দু মুখোপাধ্যায়। তিনি যেমন একদিকে অভিনেতা ছিলেন, সেই সঙ্গে ছিলেন পরিচালক এবং প্রযোজকও। সেই সময় 'ঢুলি' সিনেমা তৈরি করছিলেন তিনি। যে সিনেমায় মুখ্য চরিত্রে অভিনয় করার কথা ছিল উত্তম কুমারের। কথা মতো সব কিছুই তৈরি ছিল। শুটিং শুরু হবে। যে সময় ছিল কল টাইম।

মহানায়ক ফ্লোরে পৌঁছান ঠিক পাঁচ মিনিট পরে। ব্যস তাতেই ভয়ংকর কাণ্ড। নায়ককে তাৎক্ষণিক বাদ দিয়ে দেন পরিচালক অর্ধেন্দু। তার পরিবর্তে অভিনয় করেছিলেন প্রশান্ত কুমার। যদিও এই প্রথম নয়, আগেও একবার এমনই এক ঘটনা ঘটেছিল নাকি। শুটিংয়ে আসতে দেরি করেছিলেন নায়ক। রেগে গিয়ে ফ্লোর ছেড়ে বেরিয়ে যান সুচিত্রা সেন। তবে সিনেমা থেকে বাদ পড়ার কারণে, অর্ধেন্দু-উত্তমের সম্পর্কে প্রভাব পড়েছিল এমনটা শোনা যায় না।

# ফেরার আশা এখনই ছাড়ছেন না স্মিথ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রায় এক বছর ধরে অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি দলে জায়গা হয় না স্টিভেন স্মিথের। তবে এই সংস্করণের জাতীয় দলে ফেরার আশা এখনই ছাড়ছেন না তারকা ব্যাটসম্যান। ২০ ওভারের ক্রিকেটের ক্যারিয়ার দীর্ঘ করে ২০২৮ সালের অলিম্পিকসে দেশের প্রতিনিধিত্ব করার লক্ষ্য তারা।

তিন বছর পর অলিম্পিকস আসরটি বসবে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে। বিশ্বের সবচেয়ে বড় ক্রীড়াযজ্ঞে ১৯০০ সালের পর প্রথমবার থাকবে ক্রিকেট, সংস্করণ টি-টোয়েন্টি। ততদিনে স্মিথের বয়স হয়ে যাবে ৩৯। তবুও আশা ছাড়তে নারাজ ডানহাতি এই ব্যাটসম্যান।২০২৪ সালের ফেব্রুয়ারিতে অস্ট্রেলিয়ার জার্সিতে সবশেষ টি-টোয়েন্টি খেলেন স্মিথ। এরপর আর সুযোগ আসেনি। বাদ পড়েন তিনি গত বছরের টি-টোয়েন্টি বিশ্বকাপের দল থেকেও। গত চার আইপিএল নিলামে তাকে দলে নিতে আগ্রহ দেখায়নি কোনো ফ্র্যাঞ্চাইজি। গত বছর তিনি একমাত্র ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট খেলেন যুক্তরাষ্ট্রের মেজর লিগ ক্রিকেটে ওয়াশিংটনের হয়ে।

অস্ট্রেলিয়ার ঘরোয়া টি-টোয়েন্টি টুর্নামেন্ট বিগ ব্যাশে দুর্দান্ত পারফরম্যান্স উপহার দিচ্ছেন স্মিথ। ভারতের বিপক্ষে টেস্ট সিরিজের পর টি-টোয়েন্টির তেমন কোনো প্রস্তুতি ছাড়াই শনিবার মাঠে নেমে করেন দুর্দান্ত এক সেঞ্চুরি। সিডনি সিক্সার্সের হয়ে ৬৪ বলে ১২১ রানের অপরাজিত ইনিংস খেলেন পার্থ স্কর্চার্সের বিপক্ষে। তার ইনিংসটি সাজানো ৭ ছক্কা ও ১০ চারে।

অস্ট্রেলিয়ার এই টি-টোয়েন্টি প্রতিযোগিতায় সবশেষ সাত ইনিংসে এটি স্মিথের তৃতীয় সেঞ্চুরিই। টুর্নামেন্টটির ইতিহাসে তার চেয়ে বেশি সেঞ্চুরি নেই কারো। বেন ম্যাকডারমটেরও রয়েছে তিন শতক। তবে স্মিথের চেয়ে তিনগুনের বেশি ম্যাচ খেলেছেন ম্যাকডারমট, ১০০টি। আর স্মিথ খেলেছেন কেবল ৩২ ম্যাচ।

স্মিথের এমন পারফরম্যান্স বলছে, টি-টোয়েন্টিতে অস্ট্রেলিয়ার সেরা ওপেনারদের একজন তিনি। বিগ ব্যাশে তার ৪৫.৮৮ গড় যেকোনো স্থানীয় ব্যাটসম্যানের চেয়ে বেশি। তার ১৪৬.৩০ স্ট্রাইক রেট সবমিলিয়ে ষষ্ঠ সেরা। তবে কেবল ঘরোয়া ক্রিকেটে সংক্ষিপ্ত সংস্করণে খেলে যেতে চান না স্মিথ। অস্ট্রেলিয়া দলে ফেরায় চোখ তার। ফক্স স্পোর্টসে আলাপকালে বলেছেন, লস অ্যাঞ্জেলেস অলিম্পিকসে খেলতে চাওয়ার কথাও।

তিনি জানান, “আমি অলিম্পিকসে খেলছে চাই। আমার মনে হয়, সেখানে খেলতে পারা হবে দুর্দান্ত ব্যাপার হবে। দেখা যাক, দীর্ঘ পরিসরের ক্রিকেটে আমি কতদূর যেতে পারি। তবে দীর্ঘ পরিসরের ক্রিকেটের অধ্যায় শেষ করার পর আমি কিছুদিন সংক্ষিপ্ত সংস্করণের ক্রিকেট খেলার কথা ভাবছি। কি হয়, কেউ জানে না। অনেক তরুণ ক্রিকেটার আছে যারা মাঠের বাইরে বল আছড়ে ফেলছে।”

স্বীকৃত টি-টোয়েন্টিতে ২৫৬ ম্যাচ খেলেছেন স্মিথ। ৩২.৩২ গড় ও ১২৯.৭১ স্ট্রাইক রেটে করেছেন ৫ হাজার ৭৫৪ রান। নামের পাশে সেঞ্চুরি ৪টি, ফিফটি ২৭টি।

# ফর্মে ফিরতে রঞ্জি ট্রফিতে রোহিত শর্মা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ব্যাট হাতে একদমই ভালো যাচ্ছে না রোহিত শর্মার। অধিনায়ক হয়েও অফফর্মের কারণে সম্প্রতি একাদশ থেকে বাদ পড়েছেন তিনি। ফর্ম ফেরাতে তাই এবার ঘরোয়া ক্রিকেটে নজর দিয়েছেন তিনি। রঞ্জি ট্রফির মুম্বাই দলের সঙ্গে করছেন অনুশীলন। ধারণা করা যাচ্ছে, রঞ্জিতে মুম্বাইয়ের হয়ে মাঠেও নামতে পারেন তিনি।

সদ্য শেষ হওয়া বোর্ডার-গাভাস্কার ট্রফিতে পাঁচ ইনিংস ব্যাট করে করেছেন মোটে ৩১ রান। ঘরের মাঠে নিউজিল্যান্ড এবং বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজেও রান পাননি তিনি। দুই সিরিজে এই ব্যাটারের গড় ছিল মোটে ১৩.৩০ রান।

ক্রমাগত অফফর্মের কারণে সম্প্রতি বোর্ডার-গাভাস্কার সিরিজের শেষ ম্যাচে দল থেকে বাদ পড়েন রোহিত। তার অনুপস্থিতিতে নেতৃত্ব দেন জাসপ্রীত বুমরাহ।

এই পরিস্থিতিতে খেলা ছাড়তে নারাজ ৩৭ বছর বয়সী এই ক্রিকেটার। দলে ফিরতে এবার রঞ্জি ট্রফির মুম্বাই দলের সঙ্গে অনুশীলনে যোগ দিয়েছেন তিনি।

রঞ্জির এবারের মৌসুমে এখনও দুটি ম্যাচ বাকি মুম্বাইয়ের। সেই দুই ম্যাচের মধ্যে যেকোনো একটিতে রোহিতের খেলার বেশ সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন দলটির কোচ ওমকার সালভি। চলতি সপ্তাহের শেষদিকে সেই দুই ম্যাচের একাদশ ঘোষণা করবে মুম্বাই ক্রিকেট অ্যাসোসিয়েশন।

# স্পেন ছেড়ে নতুন ঠিকানা খুঁজে নিলেন রদ্রিগেস

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



স্প্যানিশ ক্লাব রায়ো ভাইয়েকানো ছেড়ে হামেস রদ্রিগেস খুঁজে নিয়েছেন নতুন ঠিকানা। মেক্সিকোর লিগা এমএক্সের ক্লাব লেওনে যোগ দিয়েছেন কলম্বিয়ার তারকা ফুটবলার।

ফ্রি ট্রান্সফারে আটবারের মেক্সিকান চ্যাম্পিয়ন লেওনে যাচ্ছেন রদ্রিগেস। তার দলবদলের বিষয়টি নিশ্চিত করেছে ভাইয়েকানো ও লেওন। চুক্তির আর্থিক কোনো বিষয় খোলাসা করেনি কোনো ক্লাব। স্থানীয় সংবাদ মাধ্যমের খবর, রদ্রিগেসের সঙ্গে এক বছরের চুক্তি করেছে লেওন। সুযোগ রাখা হয়েছে আরেক মৌসুম মেয়াদ বাড়ানোর।

ক্যারিয়ারের এই পর্যায়ে এসে কোনো ক্লাবেই থিতু হতে পারছেন না ৩৩ বছর বয়সী রদ্রিগেস। ২০২৪ কোপা আমেরিকায় দুর্দান্ত পারফরম্যান্সের পর গত জুলাইয়ে ভাইয়েকানোরয় যোগ দেন তিনি। চুক্তি হয় এক বছরের, আরও এক বছর মেয়াদ বাড়ানোর সুযোগও রাখা হয়।

কিন্তু পাঁচ মাসেই স্প্যানিশ ক্লাবটিতে তার অধ্যায় শেষ হয়ে যাওয়ার খবর কদিন আগেই বের হয়। বেশ কয়েকটি স্প্যানিশ সংবাদমাধ্যমে তখন জানানো হয়, পারস্পরিক সমঝোতায় দুই পক্ষের চুক্তি বাতিল হয়েছে।

পেশাদার ফুটবল ক্যারিয়ারে রদ্রিগেসের চুক্তি বাতিলের ঘটনা এটিই প্রথম নয়। এর আগে পারস্পরিক সমঝোতায় সাও পাওলোর সঙ্গে এই অ্যাটাকিং মিডফিল্ডারের চুক্তি বাতিল হয়েছিল। ৩৩ বছর বয়সী এই তারকা এর আগে রিয়াল মাদ্রিদ, বায়ার্ন মিউনিখ, মোনাকো, এভারটনের মতো ক্লাবে খেলেছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR